

যুগান্তর

জেএসসি ও জেডিসি পরীক্ষা

চান্দিনায় পরীক্ষার্থী বহিষ্কার : শিক্ষকসহ দু'জনের জরিমানা

প্রকাশ : ১৪ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



চান্দিনা (কুমিল্লা) প্রতিনিধি

চান্দিনা উপজেলায় জেএসসি ও জেডিসি পরীক্ষায় এক শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। অসাধু উপায় অবলম্বনের দায়ে শিক্ষক ও অফিস সহায়ককে জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। বুধবার চান্দিনা আল-আমিন ইসলামিয়া কামিল মাদ্রাসা কেন্দ্রে এবং মাধাইয়া বাজার ছাদিম উচ্চ বিদ্যালয়ে এ ঘটনা ঘটে। জানা যায়, জেডিসির বাংলা পরীক্ষায় অসাধু উপায় অবলম্বনের অভিযোগে আল-আমিন নামে এক শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়। কেন্দ্রে পরীক্ষার্থীদের অসাধু উপায়ে সহায়তা করার অভিযোগে ফিরোজ আহমেদ নামে এক মাদ্রাসা শিক্ষককে ২০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। অপরদিকে মাধাইয়া বাজার ছাদিম উচ্চ বিদ্যালয়ে কেন্দ্রে জেএসসি পরীক্ষায় বাসু চন্দ্র দাস নামে এক অফিস সহায়ককে ৫ হাজার টাকা জরিমানা করেন ভ্রাম্যমাণ আদালত।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।